20 SEP 1992

তারিখ 20 SEP 1992
পৃষ্ঠা 2 কলাম 2

দৈনিক খবর

114

### নগরীর ২টি সিনেমা হলে হামলা

# দু'টি কলেজের ৯৭ জন ছাত্রের বিরুদ্ধে নয়া আইনে মামলা

।।স্টাফরিপোর্টার।।

জোর করে শ্যামলী ও বলাকা সিনেমা হলে ছবি দেখতে গিয়ে হামলা, ভাংচুর, অগ্নিসংযোগ ও পুলিশের সাথে ব্যাপক সংঘর্ষের পর ঢাকা কলেজ এবং বাংলা কলেজের ৯৭ জন ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।

মহানগর পুলিশ বলেছে, যারা ধরা পড়েছে, তাদের বিরুদ্ধে নয়া জারিকৃত সন্ত্রাস দমন আইনের অধীনে মামলা রুজু করাহয়েছে।

পুলিশ আরো জানায়, ঢাকা কলেজের ছাত্ররা জোর করে বলাকা হলে ছবি দেখতে গেলে গতকাল দুপুরে হল কর্তৃপক্ষ বাধা দেয়। ঐ সময় ৩৫ জন ছাত্র হলের ভেতরে ঢুকে পড়ে। আরো দু'থেকে আড়াইশ' ছাত্র হলে প্রবেশের চেষ্টার সময় পুলিশের সাথে সংঘর্ষ বেঁধে যায়। ঐ সময় ভাংচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। পরে পুলিশ টিকেট ছাড়া যারা হলে ছবি দেখছিল তাদেরকে গ্রেফতার করে।

বেলা সাড়ে ১২টার দিকে ঢাকা কলেজের প্রায় তিন শতাধিক ছাত্র বলাকা সিনেমা হলে বিনা টিকেটে প্রবেশ করে ছবি দেখার চেষ্টা করছিল। বলাকা কর্তৃপক্ষ পুলিশে টেলিফোন করলে ঘটনাস্থলে এসে পুলিশ ছাত্রদের ওপর বেধড়ক লাঠিচার্জ ও ও টিয়ার গ্যাস নিক্ষেপ করতে থাকে। এ সময় ছাত্ররা উত্তেজিত হয়ে পুলিশের সাথে সংঘর্ষে লিপ্ত হয়। ছাত্ররা বলাকা ভবনের বেশকটি দোকানপাটে অগ্নিসংযোগ ও ভাংচুর চালায়। পুলিশের সাথে ছাত্রদের কমপক্ষে এক ঘন্টা সংঘর্ষের পর তারা ৩৫ জনকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়। বিক্ষুব্ধ ছাত্ররা এরপর আরেক দফা ইটপাটকেল নিক্ষেপ ও দোকানপাট ভাংচুর চালালে ঐ এলাকায় গাড়ী চলাচল বেশ কিছুক্ষণের জন্য বন্ধ হয়ে যায়। পরে বিপুল পরিমাণ পুলিশ মোতায়েন করে পরিস্থিতি শান্ত করা হয়।

গ্রেফতারকৃতরা হচ্ছে, তুহিন, শাহাদত, পিন্টু, তারিকুল, নাজমুল, মাসুদ, সাইফুল, আবুল, শফিকুল, সিরাজউল্লাহ সিরাজ, জসীম, জাহেদুল ইসলাম, সাইদুল হক, তারেক, ফারুক, মেহেদী হাসান, আলী আরাফাত, ইয়াসীন সোহেল, মাইনুদ্দিন, আবুল হোসেন, শিহাবউদ্দিন, রমেজ, জিয়াউল হক, আনোয়ার হোসেন, মির্জা আমানুল্লাহ, হাবিবুল ইসলাম হেলাল, মিজানুর

২ এর পাতায় দেখুন

## দুটি কলেজের ৯৭ জন

প্রথম পৃষ্ঠার পর

রহমান, জাহেদুল ইসলাম, এ কে এম শিবলী, মামুন ও নিয়ামত।

একই সময় মীরপুর বাংলা কলেজের ছাত্ররা শ্যামলী সিনেমা হলে ছবি দেখার জন্যে জোর করে প্রবেশ করে। উভয় হলের ডিসি সীটগুলো ছাত্ররা দখল করে রাখে। এতে করে যারা ডিসি সীটের টিকেট কেটেছিল তারা নির্ধারিত সীটে স্থানপায়নি।

মোহাম্মদপুর পুলিশ জানায়, বাংলা কলেজের ছাত্ররা জোর করে সিনেমা হলে প্রবেশের পর ভেতরে ভাংচুর করে। এতে হলের ক্ষতিসাধন হয়। এ ধরনের তৎপরতা নয়া জারিকৃত সন্ত্রাস দমন আইনেরআওতাভুক্ত।